



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৪৮

আগামী বৃহস্পতিবার বিভাগীয় সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হবে

রাজশাহী; ২০ ভাদ্র (০৪ সেপ্টেম্বর):

আগামী বৃহস্পতিবার (০৭ সেপ্টেম্বর) রাজশাহী বিভাগীয় সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হবে। সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় এবং রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয় এ উৎসবের আয়োজন করেছে। উৎসবটি অনুষ্ঠিত হবে জেলা শিল্পকলা একাডেমিতে।

তিনটি পর্বে অনুষ্ঠিত উৎসবের প্রথম পর্বে এদিন সকাল সাড়ে দশটায় অনুষ্ঠানটি উদ্বোধন করবেন সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়ের সচিব খলিল আহম্মদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন রাজশাহী বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

দ্বিতীয় পর্বে বেলা সোয়া এগারোটা থেকে শুরু হবে বিভাগের আট জেলার পক্ষ থেকে আঞ্চলিক সংগীত পরিবেশনা। বিকাল চারটায় অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠানের সমাপনী পর্ব।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১২.৪৫ঘ.